গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২১-২২ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১০ নভেম্বর ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৩ ও সদস্য সচিব) কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য সূচি-১:** ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ;

**১.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য উল্লেখ করেন যে, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১, ১.২ এবং ১.৩ কার্যক্রম অনুসারে একটি নতুন উদ্ভাবনী ধারণা ১৬ মার্চ ২০২১ তারিখ, একটি সেবা সহজিকৃত ২৫ ফেব্রুয়ারি ২০২১ এবং ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অফিস আদেশ জারী করতে হবে। পরবর্তীতে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ হতে নিম্নলিখিত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণের প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়:

**সুরক্ষা সেবা বিভাগ:**

| ক্রম. | শিরোনাম | কার্যক্রম |
|---|---|---|
| ১ | Whatsapp Group তৈরির মাধ্যমে মামলার আদেশের কপি প্রাপ্তি। | উদ্ভাবনী ধারণা |
| ২ | কোন কোন সময় নতুন প্রকল্প গ্রহণের সময় পরিকল্পনা ম্যানুয়ালের নির্দেশ অনুসরণ না করে ডিডিপি প্রনয়ণ করা হয়ে থাকে এতে ডিডিপি অনুমোদন ও বাস্তবায়নে জটিলতা ও সময় ক্ষেপন হয়ে থাকে। | উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ |
| ৩ | অনলাইন স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার | উদ্ভাবনী ধারণা |

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:**

| ক্রম. | শিরোনাম | কার্যক্রম |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১ | "ফায়ার সেফটি ম্যানেজার কোর্স" এ অংশগ্রহণকারীদের সনদে QR Code সংযোজন এবং অনলাইনে প্রদর্শণ; | উদ্ভাবনী ধারণা |
| ২ | ফায়ার সাইন্স ও অকুপেশনাল সেফটি কোর্সের সনদে QR Code সংযোজন এবং অনলাইনে প্রদর্শণ অনলাইনে প্রদর্শণ | |
| ৩ | স্টেশন সমূহ হতে প্রেরিত মাসিক প্রতিবেদনসমূহ সহজ ও সংক্ষিপ্তকরণ | |
| ৪ | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে PGTকোর্স চালুকরণ | |

**কারা অধিদপ্তর:**

| ক্রম. | শিরোনাম | কার্যক্রম |
|---|---|---|
| ১ | কারা কর্মকর্তাদের কর্পোরেট মোবাইল নম্বর, টিএনটি নম্বর এবং ইমেইল এর সমন্বয়ে ফোনবুক অ্যাপ প্রস্তুতকরণ | উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ সেবা ডিজিটালাইজেশন |
| ২ | বন্দীদের সকালের নাস্তা সহজে এবং দ্রুততার সাথে তৈরীর জন্য সকল কারাগারে রুটি মেকার স্থাপন | উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ |
| ৩ | হট নম্বর চালুকরণ | উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ |
| ৪ | কারারক্ষীদের ডিউটি বন্টন তাদেরকে জানানোর জন্য অ্যাপ প্রস্তুতকরণ | উদ্ভাবনী ধারণা |

**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর:**

| ক্রম. | শিরোনাম | কার্যক্রম |
|---|---|---|
| ১ | পাসপোর্ট তথ্য সহায়িকা অ্যাপস (এন্ড্রয়েড) | উদ্ভাবনী ধারণা |
| ২ | তথ্য সেবায় কিয়স্কের ব্যবহার | সেবা সহজিকরণ |
| ৩ | পার্সোনালাইজেশন রিপোর্টিং সফটওয়্যার | সেবা ডিজিটালাইজেশন |

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:**

| ক্রম. | শিরোনাম | কার্যক্রম |
|---|---|---|
| ১ | পাসপোর্ট তথ্য সহায়িকা অ্যাপস (এন্ড্রয়েড) | উদ্ভাবনী ধারণা |
| ২ | পারফরমেন্স বক্স চালু | |
| ৩ | নারকোট্রিকস ড্রাগ মিউজিয়াম | |
| ৪ | থিংক ট্যাংক তৈরি | |
| ৫ | আইডিয়া ব্যাংক | |
| ৬ | মাদকবিরোধী কার্টুন, গেমস ও অ্যাপস তৈরি | |
| ৭ | মাদকদ্রব্যের শুল্ক খালাসের অনাপত্তি (NOC) প্রদান | সেবা সহজিকরণ |
| ৮ | সেরকারী নিরাময় কেন্দ্রের অনুকূলে লাইসেন্স এর ঠিকানা স্থানান্তরের অনুমতি প্রদান। | |
| ৯ | মাদকদ্রব্যের শুল্ক খালাসের অনাপত্তি (NOC) ওয়েবসাইটে প্রকাশ ও ইমেইলে প্রদান | সেবা ডিজিটালাইজেশন |

উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণের প্রস্তাবসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় সভাপতি উপস্থাপিত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণের প্রস্তাবসমূহের পাশাপাশি আরোও অধিকতর জনবান্ধব ও সর্বাধিক চাহিদাসম্পন্ন সেবা নিয়ে উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণের কার্যক্রম ২০২১-২০২২ অর্থবছরে সম্পন্ন করার মতামত দেন, যা সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) সভায় সভাপতি উপস্থাপিত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণের প্রস্তাবসমূহের পাশাপাশি আরোও অধিকতর জনবান্ধব ও সর্বাধিক চাহিদাসম্পন্ন সেবা নিয়ে উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণের কার্যক্রম ২০২১-২০২২ অর্থবছরে সম্পন্ন করতে হবে;

(খ) একটি নতুন উদ্ভাবনী ধারণা ১৬ মার্চ ২০২১ তারিখ, একটি সেবা সহজিকৃত ২৫ ফেব্রুয়ারি ২০২১ এবং ন্যূনতম একটি

সেবা ডিজিটাইজকৃত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়ন এবং স্ব স্ব অফিসের অফিস প্রধানের অনুমোদনক্রমে এ সংক্রান্ত অফিস আদেশ জারী করতে হবে।

**২.০ আলোচ্য সূচি-২:** দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নিমিত্ত পরিকল্পনা গ্রহণ;

**২.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২ কার্যক্রম অনুসারে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের কার্যক্রম ৩০ মে ২০২২ সালের মধ্যে সম্পন্ন করতে হবে। সভায় অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ বিগত বছরের ন্যায় এবারোও সুরক্ষা সেবা বিভাগের এবং অধীন অধিদপ্তরের ইনোভেশন টিম এবং ইনোভেশন কার্যক্রমের সাথে জড়িত সকল সদস্যবৃন্দকে দেশে/বিদেশে একত্রে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ব্যাপারে মতামত দেন। সভাপতি ও এ বিভাগের চিফ ইনোভেশন অফিসার এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহকে আগামী ২০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে লার্নিং পয়েন্টসহ বর্ণিত বিষয়ে প্রস্তাবনা সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের অনুরোধ করেন।

**২.২ সিদ্ধান্ত:** এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহ আগামী ২০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে লার্নিং পয়েন্টসহ উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে প্রস্তাবনা সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবেন। গৃহীতব্য প্রস্তাবনাসমূহ যাচাই-বাছাইপূর্বক পরবর্তীতে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**৩.০ আলোচ্য সূচি-৩:** বিবিধ।

**৩.১ আলোচনা:** সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অন্যান্য কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের জন্য করণীয় নির্ধারণ করার বিষয়ে বিশদ আলোচনা করা হয়।

**৩.২ সিদ্ধান্ত:** গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অন্যান্য কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের জন্য করণীয় নির্ধারণপূর্বক তা যথাসময়ে বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.২০৩

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮
০৯ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২) যুগ্মসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৩) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আবদুল কাদির
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)